যুগান্তর

0/6/2007

তারিখ ...............
পৃষ্ঠা ...১... কলাম ...১-৬.....

# স্কুলে ভর্তিযুদ্ধ : বছরে দু'বার

যুগান্তর রিপোর্ট

এখন থেকে রাজধানীর স্কুল ভর্তিযুদ্ধ চলবে দু'বার। একবার জুন-জুলাই আর একবার ডিসেম্বর-জানুয়ারিতে। লন্ডন বিশ্ববিদ্যালয় স্কুলের অনুসরণে বাংলাদেশের ইংরেজি মিডিয়াম স্কুলগুলোতে জুলাই-জুন শিক্ষাবর্ষ চালু করায় এসব স্কুলে ভর্তি শুরু হবে চলতি জুন মাস থেকে। আর বাংলাদেশের সাধারণ শিক্ষার স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয় ডিসেম্বর মাস থেকে। ফলে এখানকার ছাত্রছাত্রীদের বছরে দু'বার ভর্তিযুদ্ধের মোকাবেলা করতে হবে। এ খবর জেনে অভিভাবকরা ইতিমধ্যেই চিন্তিত হয়ে পড়েছেন।

ভর্তিযুদ্ধ : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

## ভর্তিযুদ্ধ : দু'বার

(১ম পৃষ্ঠার পর)

লন্ডন বিশ্ববিদ্যালয় সম্প্রতি এক বিজ্ঞপ্তি জারি করে বলেছে, তাদের অনুমোদিত সব স্কুলে জুলাই-জুন শিক্ষাক্রম চালু করতে হবে। এই বিজ্ঞপ্তি অনুসরণ করে রাজধানী ঢাকাসহ বাংলাদেশের অনুমোদিত সব ইংরেজি মিডিয়াম স্কুলেরও শিক্ষাক্রম পরিবর্তন করা হয়েছে। এখানে গ্রীন হেরাল্ড ও বিআইটি ছাড়া বাকি সব ইংরেজি স্কুলেরই শিক্ষাক্রম ছিল জানুয়ারি-ডিসেম্বর। লন্ডন বিশ্ববিদ্যালয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে এবার স্কলাস্টিকা, লন্ডন গ্রেস, আগাখান, হ্যাপি টাইমস, মাস্টার মাইন্ড, লাইসিয়াম, হলি চাইল্ডসহ সব ইংরেজি স্কুলেও জুলাই-জুন শিক্ষাক্রম চালু করা হয়েছে। নতুন শিক্ষাক্রম অনুসারে এসব স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে চলতি জুন মাসেই। তাছাড়া দেশের আর সব সরকারি-বেসরকারি স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে যথারীতি ডিসেম্বর মাস থেকেই। ফলে দেশের ছোট শিশুদের ভাল স্কুলে পড়ার জন্য বছরে দু'বার ভর্তিযুদ্ধে লিপ্ত হতে হবে। ভাল স্কুলে ছেলেমেয়েদের পড়াতে ইচ্ছুক অভিভাবকরা এ খবর জানতে পেরে ইতিমধ্যেই চিন্তিত হয়ে পড়েছেন। কারণ ভাল স্কুলে শিশুদের ভর্তির জন্য বিভিন্ন কোচিং সেন্টারে এক/দু'মাস পড়ানো হয়। এবার সে সময় না পাওয়ায় অভিভাবকরা দুশ্চিন্তায় পড়েছেন।